

Times Today BD

আশিকুর রহমান শান্ত | বরিশাল | 05 April, 2025

থাইল্যান্ডে অনুষ্ঠিত বাংলাদেশ - ভারতের দ্বিপাক্ষিক বৈঠকটি আমি ইতিবাচক হিসাবে দেখছি। ড. ইউনুস এর সরকার একটি বিপ্লবের সরকার, একটি অভ্যুত্থানের সরকার। জনগনের দ্বারা নির্বাচিত সরকার নয়। তবে জনগনের সরকার। এই সরকার যাতে ফেইল না করে এজন্য প্রথম থেকেই তার পাশে দাঁড়ানো আমাদের অঙ্গীকার বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জাতীয় পার্টি বিজেপির চেয়ারম্যান ব্যারিস্টার আন্দালিভ রহমান পার্থ।

শনিবার (৫ এপ্রিল) দুপুরে ভোলা উকিল পাড়াছ শান্ত নীড়ে সাংবাদিকদের সাথে তিনি এ সব কথা বলেন।

সংস্কারের বিষয়ে তিনি বলেন, আমরা প্রথম দিন থেকেই বলে আসছি সংস্কার অবশ্যই প্রয়োজন তবে আমি মনে করি বড় যে সংস্কার গুলো রয়েছে সেগুলো নির্বাচিত প্রতিনিধিদের মাধ্যমেই হওয়া উচিত।

নির্বাচন প্রসঙ্গে তিনি বলেন, এত বছর নির্বাচন হয় নাই। মানুষ নির্বাচনের দিকে তাকিয়ে আছে। জনগনের কাছে আমাদের কমিটমেন্ট জনগনের উপর। আমরা সেই কমিটমেন্ট যদি রক্ষা করতে না পাড়ি তাহলে জনগনের কাছে আমাদেরকে জবাবদিহি করতে হবে। সংস্কারের কথা বলে নির্বাচন বিলম্ব করা উচিত হবে না। নির্বাচন জুলাইতে হবে না। ডিসেম্বরে হবে এটা কোনো কথা নয়। তবে বড় দলগুলো যদি একত্র হয় তবে ডিসেম্বরের মধ্যে নির্বাচন হবে।

এ সময় উপস্থিত ছিলেন, ভোলা জেলা বিজেপি'র সভাপতি আমিরুল ইসলাম রতন, সাধারণ সম্পাদক মোতাহিম বিল্লা, সাংগঠনিক সম্পাদক প্রভাষক মুরনবী, সদর উপজেলা বিজেপি'র সাধারণ সম্পাদক আবুল বাশার বুলবুল, জেলা শ্রমিক পার্টি আহ্বায়ক আলহাজ্ব জামাল উদ্দিন (চক্রেট), জেলা যুব সংহতির আহ্বায়ক নূরে আলম ছিদ্দিকী টিটু, সদস্য সচিব আনোয়ার হোসেন, জেলা সেচ্ছাসেবক পার্টির সভাপতি মোঃ হোসেন, সাধারণ সম্পাদক নাজিমউদ্দীন নাজু, ভোলা পৌরসভা বিজেপি'র সভাপতি জাহাঙ্গীর আলম, জেলা ছাত্র সমাজের আহ্বায়ক মানসম্মত শান্ত।

রোববার ৬ এপ্রিল বাংলাদেশ জাতীয় পার্টি বিজেপি'র প্রতিষ্ঠাতা চেয়ারম্যান সাবেক মন্ত্রী মরহুম নাজিউর রহমান মঞ্জুর ১৭তম মৃত্যুবার্ষিকীতে যোগ দিতে শনিবার সকাল সাড়ে ৮টায় ঢাকা থেকে লঞ্চ যোগে ভোলায় আসেন বিজেপি চেয়ারম্যান আন্দালিভ রহমান পার্থ।

জাতীয় পার্টি বাংলাদেশ - ভারতের দ্বিপাক্ষিক বৈঠক | আন্দালিভ রহমান পার্থ | নির্বাচন | বিজেপি'র

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:03

URL: <https://www.timestodaybd.com/barishal/332775807>